দৈনিক ইনকিলাব

তারিখ 24 JUN 2007

পৃষ্ঠা ১২ কলাম ১

মাধ্যমিক শিক্ষাখাতে সংস্কার

# বাংলাদেশকে বিশ্বব্যাংক ৭শ' কোটি টাকা ঋণ দেবে

অর্থনৈতিক রিপোর্টার

বিশ্বব্যাংক বাংলাদেশের মাধ্যমিক শিক্ষা খাতের সংস্কার কর্মসূচী বাস্তবায়নে ৭শ' কোটি টাকার (১০০ মিলিয়ন ডলার) ঋণ দেবে। এ ব্যাপারে গতকাল আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) ও বাংলাদেশ সরকারের মধ্যে একটি ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। ঢাকার শেরে পৃঃ ১১ঃ কঃ ৮

## বাংলাদেশকে বিশ্বব্যাংক

১২-এর পৃষ্ঠার পর

বাংলানগরে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কার্যালয়ে এই ঋণচুক্তিটি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব মোহাম্মদ আমিনুল ইসলাম ভূঁইয়া এবং আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার পক্ষে বিশ্বব্যাংকের বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর শিয়েন জু চুক্তিতে স্বাক্ষর করেন। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত মধ্যমেয়াদী বিভিন্ন সংস্কার কর্মসূচীর তৃতীয় পর্যায়ে বাস্তবায়নে এ ঋণ সহায়তা ব্যবহার করা হবে। বার্ষিক ০.৭৫% সুদে ৪০ বছরে (১০ বছরের গ্রেস পিরিয়ডসহ) ঋণটি পরিশোধযোগ্য। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জানানো হয়, থার্ড এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট সাপোর্ট ক্রেডিটের আওতায় শিক্ষা খাতের চলমান সংস্কার কার্যক্রমে মূলতঃ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে একটি ব্যয়-সাশ্রয়ী ও মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে সুশাসন প্রতিষ্ঠা সম্পর্কিত বিষয়ে এটি বাস্তবায়ন করা হবে। প্রস্তাবিত সংস্কার কর্মসূচীতে যেসব বিষয়ের ওপর বিশেষ জোর দেয়া হয়েছে সেগুলোর মধ্যে অন্যতম হলো– (ক) সরকার ও সমাজের প্রতি মাধ্যমিক বিদ্যালয়গুলোর জবাবদিহিতা বৃদ্ধি, (খ) মাধ্যমিক বিদ্যালয়সমূহের সরকারী সহায়তা লাভের বিষয়টিকে তাদের সম্পাদিত কাজের গুণাগুণের সাথে সম্পৃক্ত করা, (গ) বিদ্যালয়ে শিক্ষা গ্রহণের ক্ষেত্রে বৈষম্য দূর করা, (ঘ) নিয়োগ পদ্ধতির উন্নয়ন ও প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের গুণগতমান উন্নয়ন এবং (ঙ) পাঠ্যপুস্তক প্রণয়ন ও প্রকাশনার ক্ষেত্রে স্বচ্ছতা বৃদ্ধি ও পাঠ্যসূচীকে আরো প্রাসঙ্গিক ও চাহিদাভিত্তিক করা।